



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৪৭৫

তারিখঃ ১২/০৯/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৪৪ তম কমিশন সভা ১১/০৯/২০১২ তারিখে কমিশনের সভা কক্ষে সকাল ১১ঃ০০ ঘটিকায় কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় যা বিকালে মূলতবী করা হয়েছে। ১২/০৯/২০১২ তারিখ সকাল ১১ঃ০০ ঘটিকায় পুনরায় মূলতবী সভাটি অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. Sunlife Insurance Company Limited এর ১০ টাকা মূল্যমানের ১,২০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি At Par এ ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ১২,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করবে। ২০১০ সনের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Sunlife Insurance Company Limited এর শেয়ার প্রতি আয় ৬.৫৪ টাকা। উল্লেখ্য, Sunlife Insurance Company Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited।
২. সভায় Premier Cement Mills Limited এর ১০ টাকা মূল্যমানের ১,২০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১২ টাকা প্রিমিয়ামসহ ২২ টাকায় ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ২৬,৪০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করবে। ২০১০-২০১১ সনের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Premier Cement Mills Limited এর শেয়ার প্রতি আয় ৪.০৫ টাকা। উল্লেখ্য, এলায়েন্স ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ, Premier Cement Mills Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
৩. সভায় Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 কিছু পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হয়। এ ব্যাপারে জনমত যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
৪. সভায় প্রথম বিএসআরএস মিউচুয়াল ফান্ড এবং আইসিবি পরিচালিত ০৮টি মিউচুয়াল ফান্ডের অবসায়নের মেয়াদের আবেদন বিবেচনা পূর্বক ৩১/১২/২০১৩ইং পর্যন্ত বৃদ্ধি করা হয়।
৫. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন মিউচুয়াল ফান্ড (মিউচুয়াল ফান্ড বিধিমালা), ২০০১ এর সংশোধনী প্রস্তাব কিছু পরিবর্তন সাপেক্ষে সভায় অনুমোদিত হয়। যা অবিলম্বে জনমত যাচাইয়ের জন্য পত্রিকায় এবং কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
৬. কমিশনের ডিরেক্টিভ নং- এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/৪৬১, তারিখঃ ২৮/০৬/২০১২ইং এর মাধ্যমে সকল তালিকাভুক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট কোম্পানীর পরিচালকদের শূণ্য পদের তালিকা (সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরসিডি/২০০৯/১৯৩/১১৯/প্রশাসন/৩৪, তারিখ ২২/১১/২০১১ এর পরিপালন করতে ব্যর্থ হওয়ার ফলে যে সকল পরিচালকের পদ শূণ্য হয়েছে) চাওয়া হয়েছিল। সে প্রেক্ষিতে ২৩৮টি তালিকাভুক্ত কোম্পানীর মধ্যে ২৩৩টি তালিকাভুক্ত কোম্পানী কমিশনের উক্ত ডিরেক্টিভের জবাবে কমিশনে তথ্য জমা দিয়েছে। তথ্য প্রদান না করার ৫ টি তালিকাভুক্ত কোম্পানীর মধ্যে ২টি সরকারী প্রতিষ্ঠান রয়েছে, যাদের কোন উদ্যোক্তা পরিচালক নেই। সেহেতু ঐ ২টি সরকারী প্রতিষ্ঠানকে সতর্কিকরণ পত্র ইস্যু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বাকী ৩টি কোম্পানীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করার সিদ্ধান্তও গৃহীত হয়। বিস্তারিত আলোচনার পরে অবশিষ্ট ২৩৩টি কোম্পানীর পরিচালক, যারা এসইসির নির্দেশ পরিপালনে ব্যর্থ হয়েছেন তাদের বিষয়ে প্রাপ্ত তথ্য অধিকতর পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পূর্নাঙ্গ তালিকা প্রস্তুত করে পরবর্তী কমিশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র